পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫৩৩তম সভার কার্যবিবরণী

গত ২৭ এবং ৩০ নভেম্বর ২০২৫ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির আহবায়ক ও পরিবেশ অধিদপ্তরের পরিচালক (পরিবেশগত ছাড়পত্র) জনাব মাসুদ ইকবাল মোঃ শামীম এর সভাপতিত্বে অধিদপ্তরের সভাকক্ষে পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫৩৩ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচি অনুযায়ী কমিটির সদস্যসচিব পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তর, বিভিন্ন বিভাগীয়/অঞ্চল, মহানগর ও জেলা কার্যালয় হতে প্রাপ্ত লাল ও প্রযোজ্য কমলা শ্রেণির শিল্প প্রতিষ্ঠান/ প্রকল্পসমূহের ছাড়পত্র বিষয়ক প্রস্তাবনা/ নথিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। প্রত্যেকটি বিষয়ে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (লাল শ্রেণি)

১. **ইবনে সিনা হসপিটাল এন্ড ডায়াগনস্টিক কেরানীগঞ্জ লিমিটেড; হাউজ-মা প্লাজা, কদমতলী, ইসলামাবাদ, কেরানীগঞ্জ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ২০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র ২০০ (দুইশত) শয্যাবিশিষ্ট হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার পরিচালনার জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের জায়গা সম্প্রসারণ, শয্যা সংখ্যা বৃদ্ধি বা কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

(খ) হাসপাতালে সৃষ্ট বর্জ্য উৎসে আলাদাভাবে Colour coded এবং লেবেলযুক্ত বিন/পুরু ছিদ্রবিহীন ব্যাগে চিকিৎসা বর্জ্য সংগ্রহ করতে হবে।

(গ) বর্জ্য সংগ্রহপাত্রের ২/৩ ভাগপূর্ণ হলে তা Collection করতে হবে।

(ঘ) বর্জ্য হস্তান্তরকারীকে অবশ্যই Heavy duty gloves, face mask, boot এবং apron পরিধান করতে হবে।

(ঙ) সৃষ্ট বর্জ্য একটি নিরাপদ তালাবদ্ধ জায়গায় সংরক্ষণ করতে হবে। তবে তা কোনো অবস্থায় ২৪ ঘন্টার বেশি সময় সংরক্ষণ করা যাবেনা।

(চ) ধারালো বর্জ্য সাথে সাথে স্রেড করে কংক্রিটের পিট পদ্ধতিতে বিনষ্ট করতে হবে।

(ছ) আগামী ছয়মাসের মধ্যে হাসপাতালের তরল চিকিৎসা বর্জ্য এবং পয়ঃবর্জ্য সম্মিলিতভাবে পরিশোধনের জন্য ৩.৪৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন WWTP নির্মাণ সম্পন্ন করে তা চালু করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। WWTP হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।

(জ) হাসপাতালটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার পৃথকভাবে WWTP'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD, SS ও *E. coli*) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(ঝ) হাসপাতালের বেজমেন্ট ফ্লোরে Force ventilation system রাখতে হবে।

(ঞ) হাসপাতালের চিকিৎসা বর্জ্য পরিশোধন ও পরিত্যাজনের জন্য প্রিজম এর নিকট হস্তান্তর করতে হবে।

(ট) হাসপাতালের কার্যক্রম পরিচালনার কারণে হাসপাতাল সম্মুখস্থ রাস্তায় যানজটের সৃষ্টি না হয় সে জন্য নিজস্ব লোকবল দ্বারা যানজট নিরসনের কার্যকরী কার্যক্রম সার্বক্ষণিকভাবে চালু রাখতে হবে।

(ঠ) হাসপাতাল ভবনের চারদিকে উন্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগাতে হবে।

(ড) হাসপাতালে Radioactive পদার্থ ব্যবহার এবং এর থেকে সৃষ্ট Radioactive বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পারমানবিক নিরাপত্তা ও বিকিরণ নিরাপত্তা বিধিমালা, ২০১২-এর আওতায় প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ব্যতিত কোনো ধরনের এক্সরে কার্যক্রম পরিচালনা করা যাবে না।

(ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

(ণ) হাসপাতালের শব্দ এবং বায়বীয়/তরল বর্জ্যের নিঃসরণ/নির্গমনমাত্রা যথাক্রমে শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬, বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

(ত) প্রতিষ্ঠানটির চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী থাকতে হবে এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় প্রশিক্ষিত হতে হবে।
(থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।
(দ) হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।
(ধ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **আহসানিয়া মিশন ক্যান্সার ও জেনারেল হাসপাতাল; প্লট নং-৩, এমব্যাংক ড্রাইভওয়ে, সেক্টর-১০, উত্তরা মডেল টাউন, উত্তরা, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ৩৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র ৩৫০ (তিনশত পঞ্চাশ) শয্যাবিশিষ্ট হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার পরিচালনার জন্য প্রযোজ্য হবে। প্রকল্পের জায়গা সম্প্রসারণ, শয্যা সংখ্যা বৃদ্ধি বা কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ ছাড়পত্রের প্রয়োজন হবে।
(খ) হাসপাতালে সৃষ্ট বর্জ্য উৎসে আলাদাভাবে Colour coded এবং লেবেলযুক্ত বিন/পুরু ছিদ্রবিহীন ব্যাগে চিকিৎসা বর্জ্য সংগ্রহ করতে হবে।
(গ) বর্জ্য সংগ্রহপাত্রের ২/৩ ভাগপূর্ণ হলে তা Collection করতে হবে।
(ঘ) বর্জ্য হস্তান্তরকারীকে অবশ্যই Heavy duty gloves, face mask, boot এবং apron পরিধান করতে হবে।
(ঙ) সৃষ্ট বর্জ্য একটি নিরাপদ তালাবদ্ধ জায়গায় সংরক্ষণ করতে হবে। তবে তা কোনো অবস্থায় ২৪ ঘন্টার বেশি সময় সংরক্ষণ করা যাবেনা।
(চ) ধারালো বর্জ্য সাথে সাথে স্রেড করে কংক্রিটের পিট পদ্ধতিতে বিনষ্ট করতে হবে।
(ছ) হাসপাতালের তরল চিকিৎসা বর্জ্য পরিশোধনের জন্য ১.৫ ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ETP-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ETP হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে।
(জ) হাসপাতালটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার পৃথকভাবে ETP'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD, SS ও *E. coli*) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।
(ঝ) হাসপাতালের চিকিৎসা বর্জ্য পরিশোধন ও পরিত্যাজনের জন্য প্রিজম এর নিকট হস্তান্তর করতে হবে।
(ঞ) হাসপাতালের কার্যক্রম পরিচালনার কারণে হাসপাতাল সম্মুখস্থ রাস্তায় যানজটের সৃষ্টি না হয় সে জন্য নিজস্ব লোকবল দ্বারা যানজট নিরসনের কার্যকরী কার্যক্রম সার্বক্ষণিকভাবে চালু রাখতে হবে।
(ট) হাসপাতাল ভবনের চারদিকে উন্মুক্ত জায়গায় উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগাতে হবে।
(ঠ) হাসপাতালে Radioactive পদার্থ ব্যবহার এবং এর থেকে সৃষ্ট Radioactive বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পারমানবিক নিরাপত্তা ও বিকিরণ নিরাপত্তা বিধিমালা, ২০১২-এর আওতায় প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ব্যতিত কোনো ধরনের এক্সরে কার্যক্রম পরিচালনা করা যাবে না।
(ড) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।
(ঢ) হাসপাতালের শব্দ এবং বায়বীয়/তরল বর্জ্যের নিঃসরণ/নির্গমনমাত্রা যথাক্রমে শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬, বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।
(ণ) প্রতিষ্ঠানটির চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী থাকতে হবে এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণ চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় প্রশিক্ষিত হতে হবে।
(ত) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।
(থ) হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।
(দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **ডিভাইন ফেব্রিক্স লিমিটেড; চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিটিং, ডাইং, প্রিন্টিং, অ্যামব্রয়ডারি ও গার্মেন্টস): (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র নিটিং, ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি

প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় থেকে গত ১৯/০৭/২০১২ তারিখের পরিবেশ/ ঢাবি/গা:জে:/১৬২০৬/ছাড়-৪৪ সংখ্যক স্মারকে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১২ মেট্রিক টন নিট ডাইং, ৫ মেট্রিক টন ইয়ার্ন ডাইং এবং ৪৫ হাজার পিস অলওভার গার্মেন্টস প্রিন্টিং এবং অ্যামব্রয়ডারি কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১০০ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট (যেমন: ডাইং, প্রিন্টিং) বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

(গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

(ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, pH, BOD_5, COD, TSS ও Color) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য Screw press/Filter press স্থাপন করতে হবে।

(ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

(ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

(ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

(ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

(ঠ) এসডিজি সূচক ১২.৬.১ অনুসারে প্রতি বছর প্রতিষ্ঠানের Sustainability Report প্রণয়নপূর্বক নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং এর একটি কপি পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

(ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

(ণ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

(ত) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যান বাস্তবায়ন করতে হবে এবং নবায়নের আবেদনের সাথে উহার একটি অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।

(থ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

(দ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

(ধ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **ডিভাইন টেক্সটাইল লিমিটেড; চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিটিং, ডাইং, প্রিন্টিং ও গার্মেন্টস): (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র নিটিং, ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা বিভাগীয় কার্যালয় থেকে গত ২২/০৬/২০০৮ তারিখের ২২/০২/৩৩০০/১৩৮/৭২/১২৭৫৮/০৭/ছাড়-১১১৩ সংখ্যক স্মারকে জারীকৃত পরিবেশগত ছাড়পত্র বাতিলপূর্বক গাজীপুর জেলা কার্যালয় হতে নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১৫.৬১৪ মেট্রিক টন নিট ডাইং এবং ৪৫ হাজার পিস গার্মেন্টস প্রিন্টিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনো প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৮০ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। ইটিপি হতে নির্গত তরল বর্জ্যের তাৎক্ষণিক সংগৃহীত নমুনার মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ উল্লিখিত মানমাত্রার মধ্যে থাকতে হবে। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট (যেমন: ডাইং, প্রিন্টিং) বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

(গ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

(ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, pH, BOD_5, COD, TSS ও Color) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য Screw press/Filter press স্থাপন করতে হবে।

(ছ) ETP'র স্ল্যাজ ব্যবস্থাপনার লক্ষ্যে Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে Sludge Management Plan প্রণয়ন করে আগামী ৩(তিন) মাসের মধ্যে অনুমোদনের জন্য পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

(ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

(ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

(ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

(ঠ) এসডিজি সূচক ১২.৬.১ অনুসারে প্রতি বছর প্রতিষ্ঠানের Sustainability Report প্রণয়নপূর্বক নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং এর একটি কপি পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

(ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

(ণ) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

(ত) দাখিলকৃত জিরো ডিসচার্জ প্ল্যান বাস্তবায়ন করতে হবে এবং নবায়নের আবেদনের সাথে উহার একটি অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।

(থ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

(দ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

(ধ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **MT. NEW PROGRESS (IMO NO. 9116486), ম্যাক কর্পোরেশন, উত্তর সোনাইছড়ি, বাঁশবাড়িয়া, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র ২১৪৭.৯৯ মেট্রিক টন ভরবিশিষ্ট **MT. NEW PROGRESS (IMO NO. 9116486)** স্ক্র্যাপ জাহাজ **ম্যাক কর্পোরেশন** নামক শিপ ব্রেকিং ইয়ার্ডে ভাঙ্গার জন্য প্রযোজ্য হবে।

(খ) Environmental Survey Form এ উল্লিখিত বিপদজ্জনক বর্জ্যের জন্য Chemical Safety Data Sheet সরবরাহ করতে হবে।

(গ) জাহাজ ভাঙ্গার কার্যক্রম শুরুর পূর্বে সকল প্রকার তরল পদার্থ অপসারণপূর্বক জাহাজটি পরিষ্কার করতে হবে। এ প্রক্রিয়া পুরো জাহাজ ভাঙ্গা কার্যক্রম প্রক্রিয়ায় অব্যহত থাকবে।

(ঘ) আলোচ্য জাহাজের জন্য বিপজ্জনক পদার্থের প্রণীত তালিকা (IHM) জাহাজের ভিতরে বিপজ্জনক পদার্থ নিরূপণে সক্ষম বিশেষজ্ঞের মাধ্যমে বা সেফটি এজেন্সি কর্তৃক Visual Sampling Check Plan (VSCP) এর মাধ্যমে IHM এর সঠিকতা নিশ্চিত করতে হবে।

(ঙ) জাহাজের বিলজ ওয়াটার Oil-Water Separator এর মাধ্যমে তেল পৃথক করতে হবে এবং সেপারেটর হতে নির্গত তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনর্পূবক পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত মানমাত্রার নিশ্চিত হওয়া সাপেক্ষে সমুদ্রে নির্গমন করা যাবে।

(চ) জাহাজের পয়োবর্জ্য STP এর মাধ্যমে পরিশোধন করতে হবে।

(ছ) জাহাজ কাটার পূর্বে জাহাজের রং অপসারণ করতে হবে। সমুদ্রের পানিতে কিংবা সৈকতে পেইন্ট চিপস অপসারণ করা যাবে না।

(জ) জাহাজের বিপজ্জনক বা সাধারণ বর্জ্য দিয়ে সামুদ্রিক বা সমুদ্র সৈকতের পরিবেশ দূষণ করা যাবে না।

(ঝ) জাহাজ ভাঙ্গা প্রক্রিয়ায় সৃষ্ট বর্জ্য হ্যান্ডলিং, স্টোরেজ ও পরিত্যাজনের ক্ষেত্রে Best Management Practice অনুসরণ করতে হবে। সকল বিপজ্জনক বর্জ্য সংরক্ষণাগারের দরজায় উক্ত পদার্থের MSDS লাগিয়ে রাখতে হবে।

(ঞ) সকল প্লাস্টিক বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী পুনঃচক্রায়নকারী প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করতে হবে।

(ট) ভারী ধাতুযুক্ত জিনিসপত্র, চিকিৎসা বর্জ্য পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠানের নিকট পরিত্যাজনের জন্য হস্তান্তর করতে হবে।

(ঠ) Intertidal Zone-এ শুধু প্রাইমারি কাটিং সম্পন্ন করা যাবে। এ সময় তেলযুক্ত বা অন্য কোনো বিপজ্জনক পদার্থযুক্ত জাহাজের টুকরা সমুদ্র সৈকতে ফেলা যাবে না। এগুলো জাহাজের অভ্যন্তরে বা কোনো বার্জে ফেলতে হবে। পরবর্তীতে ক্রেনের সাহায্যে এগুলোকে অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে পরিবহন করে আনতে হবে। প্রাইমারি কাটিং-এর সময় জাহাজে যাতে সমুদ্রের পানি প্রবেশ না করতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ড) সেকেন্ডারি এবং টারশিয়ারি কাটিং কার্যক্রম অনশোরের তৈল অভেদ্য কংক্রিটের ফ্লোরে সম্পন্ন করতে হবে। কাটিং ফ্লোরের চারিপাশে বাঁধ দিতে হবে। উক্ত ফ্লোরে সৃষ্ট তরল বর্জ্য এবং runoff water ড্রেনের মাধ্যমে তরল বর্জ্য পরিশোধনাগারে (ইটিপি) প্রেরণ করে পরিশোধন করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-৪ এ উল্লিখিত নির্ধারিত মানমাত্রা নিশ্চিত হওয়া সাপেক্ষে পরিবেশে নির্গমণ করা যাবে।

(ঢ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত শিপ রিসাইক্লিং প্ল্যান প্রতিপালন করতে হবে।

(ণ) শিল্প মন্ত্রণালয় কর্তৃক শিপ কাটিংএর অনুমতি ব্যতীত জাহাজ কাটার কার্যক্রম শুরু করা যাবে না।

(ত) তৈলযুক্ত বর্জ্য সংগ্রহপূর্বক নির্ধারিত সংরক্ষণাগারে সংরক্ষণ করতে হবে এবং ইনসিনারেটরে পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

(থ) বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর ৫ নং বিধি অনুসারে বিপজ্জনক বর্জ্যের তথ্য সংরক্ষণ ও যথাযথ সতর্কতার সাথে বিপজ্জনক বর্জ্য বা পদার্থ সংরক্ষণ করতে হবে যাতে কোনো দুর্ঘটনা না ঘটে এবং উক্ত বিধির তফসিল-৯ অনুযায়ী জাহাজের বিপজ্জনক পদার্থের রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(দ) জাহাজের সামগ্রীক কার্যক্রম এবং বিশেষভাবে safe-for-entry এবং safe-for-hot work এর জন্য একটি কার্যকর নিরাপত্তা ব্যবস্থাপনা কাঠামো, industrial safety response এবং জরুরি অবস্থা মোকাবেলা করার প্রস্তুতি ও পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়ন করতে হবে।

(ধ) এসআরপি'র ভিত্তিতে বিপজ্জনক জোন বিশেষত বিপজ্জনক পদার্থ যেমন ফুয়েল ট্যাংক ইত্যাদি যে সব স্থানে আছে সে সকল জোন এবং প্রবেশ নিষিদ্ধ জোন পরিষ্কারভাবে চিহ্নিতকরণ, বিপদসংকেত প্রদর্শন এবং শ্রমিকদের এসব বিষয়ে সচেতন করতে হবে।

(ন) জাহাজের উঁচু স্থানে কাজ করার জন্য ফল প্রিভেনশন যন্ত্রপাতি সংগ্রহপূর্বক তা ব্যবহার করতে হবে।

(প) বদ্ধ জায়গায় কাজ করার সময় পর্যাপ্ত আলো (৩০০ লাক্স বা ততোধিক), গ্যাস মনিটরিং (O_2, CO, H_2S, Lower Explosive Limit Concentrations etc.), অগ্নিনিরোধক, ফাস্ট এইড এবং পর্যাপ্ত বায়ু চালাচলের ব্যবস্থা করতে হবে।

(ফ) এন্টি ফাউলিং পেইন্ট সংগ্রহপূর্বক এয়ারটাইট কন্টেইনারে এবং অন্যান্য পেইন্ট চিপস নির্ধারিত স্থানে সংরক্ষণ করতে হবে এবং উচ্চ তাপমাত্রার ইনসিনারেটরে (১২০০ ডিগ্রি সেন্টিগ্রেড) পুড়িয়ে পরিত্যাজন করতে হবে।

(ব) জাহাজ ভাঙ্গা ইয়ার্ডে বা স্ক্র্যাপ জাহাজে কোনো দুর্ঘটনা সংঘটিত হলে ৪৮ ঘন্টার মধ্যে ও বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ -এর তফসিল ৭ অনুসারে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তরকে অবহিত করতে হবে।

(ভ) জাহাজ ভাঙ্গা কার্যক্রমের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের (মাস্টাররোলসহ) সম্ভাব্য দুর্ঘটনা প্রতিরোধ এবং দুর্ঘটনা সম্পর্কে পর্যাপ্ত প্রশিক্ষণ দিতে হবে। প্রশিক্ষণপ্রাপ্ত শ্রমিকদের প্রশিক্ষণ কাজে রিট পিটিশন ৭২৬০/২০০৮ এর আদেশ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

(ম) স্ক্র্যাপ জাহাজ ভাঙ্গার ফলে সৃষ্ট জরুরী অবস্থা মোকাবেলার জন্য বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা ২০১১-এর তফসিল ১২ অনুসারে বিস্তারিত পরিকল্পনা জাহাজ ভাঙ্গা শুরুর পূর্বে প্রস্তুত করে এক প্রস্থ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর বরাবরে দাখিল করতে হবে এবং জাহাজ ভাঙ্গার স্থলে সংরক্ষণ করতে হবে।

(য) জাহাজ ভাঙ্গার ক্ষেত্রে সম্ভাব্য দুর্ঘটনার প্রকৃতি দুর্ঘটনার সময় ও দুর্ঘটনার পরবর্তী করণীয় ও অকরণীয় সম্পর্কে স্থানীয় জনসাধারণের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে ব্যাপক প্রচার কার্য পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

(র) প্রত্যেক জাহাজে বিদ্যমান বিপজ্জনক পদার্থ বা বর্জ্যের সর্বশেষ অংশ চূড়ান্তরূপে পরিত্যাজন করার পর ০৩ (তিন) বছর পর্যন্ত এই বিধিতে উল্লেখিত রেকর্ড পত্র সংরক্ষণ করতে হবে।

(ল) মাত্রা বহির্ভূত বর্জ্য তেল বিপজ্জনক বর্জ্য পোড়ানোর চুল্লীতে পুড়িয়ে নিষ্পন্ন করা ব্যতীত অন্য কারো নিকট প্রদান বা বিক্রয় বা হস্তান্তর করা যাবে না। উক্ত বর্জ্য তেল সৃষ্টিকারীর অথবা পরিবেশগত ছাড়পত্রধারী বিপজ্জনক বর্জ্য পোড়ানোর ইনসিনারেটর মালিক বা দখলদারের দখলে ছাড়া অন্য কারো দখলে রাখা যাবে না।

(শ) দুর্ঘটনাজনিত কারণে শ্রমিক বা কর্মচারীদের ক্ষতিপূরণের বিষয়টি বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ অনুসারে এবং পরিবেশ ও প্রতিবেশ ব্যবস্থার ক্ষয়ক্ষতি নির্ধারণ ও ক্ষতিপূরণ আদায় বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ অনুসারে নিষ্পন্ন করতে হবে।

(ষ) জাহাজ কাটার পূর্বে পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল কার্যালয়কে অবহিত করতে হবে।

(স) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৬. **MT. RAISSA (IMO NO. 9149251), পিএইচপি শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড, দক্ষিণ শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৯৭১১ মেট্রিক টন ভরবিশিষ্ট **MT. RAISSA (IMO NO. 9149251)** স্ক্র্যাপ জাহাজটি **পিএইচপি শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/৫-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৭. **MV. "RANA" (IMO NO. 9075321), এন বি স্টিল, উত্তর সলিমপুর, জাফরাবাদ, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৮০৮২ মেট্রিক টন ওজনবিশিষ্ট **MV. "RANA" (IMO NO. 9075321)** স্ক্র্যাপ জাহাজ **এন বি স্টিল** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/৫-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৮. **MV. "FU OCEAN" (IMO NO. 9218777), মেসার্স জনতা স্টিলস লিমিটেড, উত্তর সোনাইছড়ি, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ২১৩৩৮.৩৬৯ মেট্রিক টন ওজনবিশিষ্ট **MV. "FU OCEAN" (IMO NO. 9218777)** স্ক্র্যাপ জাহাজ **মেসার্স জনতা স্টিলস লিমিটেড** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/৫-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

৯. **MV. SIO (IMO NO. 9125786), বিওবি রিসাইক্লিয়ার্স, মধ্য সোনাইছড়ি, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ৬৭১২.৬২ মেট্রিক টন ওজনবিশিষ্ট **MV. SIO (IMO NO. 9125786),** স্ক্র্যাপ জাহাজ **বিওবি রিসাইক্লিয়ার্স** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/৫-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

১০. **MT. "GULY" (IMO NO.9256236), আরব শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং লিমিটেড, দক্ষিণ শীতলপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ক্র্যাপ জাহাজ ভাঙা): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য ১৩,৭৮২.৪৬ মেট্রিক টন ওজনবিশিষ্ট **MT. "GULY" (IMO NO.9256236),** স্ক্র্যাপ জাহাজ **আরব শিপ ব্রেকিং এন্ড রিসাইক্লিং লিমিটেড** নামক ইয়ার্ডে ভাঙ্গার জন্য জাহাজের অনুকূলে কার্যবিবরণীর ক্রমিক নম্বর: ক/৫-এর (খ)-(স)-এ উল্লিখিত বিশেষ শর্তে চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

(খ) পরিবেশগত ছাড়পত্র: সুপারিশকৃত শিল্প ও প্রকল্পসমূহ (কমলা শ্রেণি)

১. **এ্যাটলাস ফার্মাসিউটিক্যালস (ভেটেরিনারি ডিভিশন); বিলনেপালপাড়া, কর্ণহার, পবা, রাজশাহী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ভেটেরিনারি ঔষধ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে রাজশাহী জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র ভেটেরিনারি ঔষধ ফর্মুলেশন কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। কারখানার উৎপাদন বৃদ্ধি, বাণিজ্যিক উৎপাদন, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট যে কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৩০০ লিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

(গ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপি'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও TSS) সংগ্রহপূর্বক পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(ঘ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং তার রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(ঙ) ETP'র স্লাজ Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে ব্যবস্থাপনা করতে হবে।

(চ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

(ছ) ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকওয়েল ব্যবহার করতে হবে।

(জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

(ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

(ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

(ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

(ঠ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটি গ্লাস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

(ণ) কারখানার শব্দ নির্গমণ মাত্রা শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

(ত) বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

(থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

(দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

২. **রহমান ইমপেক্স ফিস এক্সপোর্ট লিমিটেড; ঘুর্ণী, সদর, যশোর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফিশ প্রসেসিং বা ফ্রোজেন ফিশ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে যশোর জেলা কার্যালয় কর্তৃক কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র মাসিক সর্বোচ্চ ৫০ টন ফিশ প্রসেসিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। কারখানার উৎপাদন বৃদ্ধি, বাণিজ্যিক উৎপাদন, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট যে কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৩ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ

লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

(গ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপি'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, BOD_5, COD ও SS) সংগ্রহপূর্বক পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(ঘ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস স্থাপন করতে হবে এবং তার রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(ঙ) ETP'র স্লাজ Bangladesh Standard and Guidelines for Sludge Management অনুসারে ব্যবস্থাপনা করতে হবে।

(চ) ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

(ছ) ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকওয়েল ব্যবহার করতে হবে।

(জ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

(ঝ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

(ঞ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

(ট) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

(ঠ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কে দৈনিক ভিত্তিতে রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(ড) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটি গ্লাস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবং এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(ঢ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

(ণ) কারখানার শব্দ নির্গমণ মাত্রা শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

(ত) বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

(থ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

(দ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৩. **ফেইম এ্যাপারেলস লিমিটেড (ইউনিট-০২); উত্তর নরসিংহপুর, কাশিপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস স্ক্রিন প্রিন্টিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৫০ হাজার পিস গার্মেন্টস স্ক্রিন প্রিন্টিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ২ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

(গ) ইএমপি প্রতিবেদন/চেকলিস্টে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

(ঘ) আগামী ০১(এক) মাসের মধ্যে একবার এবং পরবর্তীতে কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, Colour, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

(ছ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

(জ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

(ঝ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

(ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

(ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

(ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

(ড) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

(ঢ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

(ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

(ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৪. **থ্রি-বি রিয়েকটিব প্রিন্ট লিমিটেড; এ-৪৯০/১, তেলীপাড়া, চান্দনা, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সোয়েটার রিয়্যাকটিভ প্রিন্টিং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ২৫ হাজার পিস সোয়েটার রিয়্যাকটিভ প্রিন্টিং ও ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ১ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

(গ) ইএমপি প্রতিবেদন/চেকলিস্টে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

(ঘ) আগামী ০১(এক) মাসের মধ্যে একবার এবং কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, Colour, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

(ছ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

(জ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

(ঝ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

(ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

(ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

(ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

(ড) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

(ঢ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

(ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

(ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৫. **ক্রয়ডন কাউলুন ডিজাইনস লিমিটেড (ইউনিট-২) , প্লট নং-১৩৬-১৩৯, ডিইপিজেড, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ও গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন/চেকলিস্ট ও অন্যান্য কাগজপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে আলোচ্য প্রকল্পের অনুকূলে ঢাকা জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ১০ হাজার পিস ফেব্রিক্স ও গার্মেন্টস ওয়াশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ঢাকা ইপিজেডে বিদ্যমান ৩৫,০০০ ঘনমিটার/দৈনিক ক্ষমতাসম্পন্ন কেন্দ্রিয় তরল বর্জ্য পরিশোধনাগার (সিইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় সিইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। সিইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

(ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ বার সিইটিপি'র তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, Colour, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(ঙ) ইএমপি প্রতিবেদন উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

(চ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

(ছ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

(জ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

(ঝ) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

(ঞ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

(ট) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

(ঠ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

(ড) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

(ঢ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

৬. **ফিহা টেক্সটাইল লিমিটেড; ৩৮, দক্ষিণ খাইলকুর, জাতীয় বিশ্ববিদ্যালয়, সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গ্রে-ফেব্রিক্স ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, জনাব মোঃ আলমগীর কবির, ব্যবস্থাপনা পরিচালক হিসেবে আলোচ্য প্রকল্পের অনুকূলে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:

(ক) এ ছাড়পত্র দৈনিক সর্বোচ্চ ৮.৬৮ মেট্রিক টন গ্রে-ফেব্রিক্স ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং কার্যক্রম পরিচালনার জন্য প্রযোজ্য। প্রকল্পের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোনোপ্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করতে হবে।

(খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে সৃষ্ট তরল বর্জ্য ৯৬০ ঘনমিটার/দৈনিক ক্ষমতাসম্পন্ন তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি)-এর মাধ্যমে পরিশোধন করতে হবে। পরিশোধিত তরল বর্জ্য নির্গমনের জন্য নির্ধারিত ড্রেনেজ লাইন ব্যতীত অন্য কোনো বাইপাস লাইনের মাধ্যমে নির্গমন করা যাবে না। কোনো সময় ইটিপি বা এর কোনো ইউনিট অকার্যকর হলে সাথে সাথে সংশ্লিষ্ট উৎপাদন ইউনিট বন্ধ করতে হবে। ইটিপি সংস্কার করে এর কার্যক্ষমতা সম্পর্কে নিশ্চিত হওয়া সাপেক্ষে বন্ধ ইউনিট পুনরায় চালু করা যাবে।

(গ) ইএমপি প্রতিবেদন/চেকলিস্টে উল্লিখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকারিভাবে চালু রাখতে হবে।

(ঘ) কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার ইটিপির তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (pH, Colour, BOD_5, COD ও SS) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে।

(ঙ) কারখানার তরল বর্জ্য নির্গমণের ইনলেট ও আউটলেট পয়েন্টে ফ্লো মেজারিং ডিভাইস কার্যকর রাখতে হবে এবং ফ্লো-ড্যাটা রেকর্ড সংরক্ষণ করতে হবে।

(চ) কারখানার ETP হতে সৃষ্ট স্লাজ Dewatering এর জন্য স্লাজ ড্রাইং বেড যথাযথভাবে কার্যকর রাখতে হবে।

(ছ) বায়বীয় বর্জ্য নির্গমণের জন্য স্থাপিত চিমনি সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে।

(জ) জেনারেটরের Spent lubricating oil এবং Oil Filter পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণকারী প্রতিষ্ঠান ব্যতিরেকে অন্য কোনো Vendor এর কাছে বিক্রয় করা যাবে না।

(ঝ) কারখানা চত্বরে উপযুক্ত প্রজাতির ফলদ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

(ঞ) কারখানার পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রিধারী প্রশিক্ষিত জনবল রাখতে হবে। কারখানার ইটিপি পরিচালনার লক্ষ্যে প্রতিটি শিফটের জন্য অপারেটর এবং ETP Performance মনিটরিং-এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতিসহ কারখানায় নিজস্ব গবেষণাগার স্থাপনপূর্বক দক্ষ জনবল নিয়োগ করতে হবে।

(ট) কারখানায় কর্মরত শ্রমিকদেরকে কারখানার অভ্যন্তরে সার্বক্ষণিক উপযুক্ত মাস্ক, হ্যান্ডগ্লাভস, সেফটিগ্লাভস, বুট, হেলমেট ব্যবহার করতে হবে। এ ছাড়া পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকলব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে।

(ঠ) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এবং ফায়ার লাইসেন্সের শর্তানুসারে উপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে।

(ড) কারখানার শব্দের মাত্রা শব্দদূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

(ঢ) কারখানার বর্জ্য ব্যবস্থাপনার জন্য 3R (Reduce, Reuse and Recycle) Policy অবলম্বন করতে হবে।

(ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না।

(ত) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং তদধীন প্রণীত বিধিমালা এ প্রদত্ত ক্ষমতাবলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

(গ) ইআইএ-র কার্যপরিধি (ToR) অনুমোদন: সুপারিশকৃত শিল্প/ প্রকল্পসমূহ

১. **সিরাজগঞ্জ-রায়গঞ্জ (চান্দাইকোনা) (জেড-৫০৪২) জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ শীর্ষক প্রকল্প** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মহাসড়ক উন্নয়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-র কার্যপরিধি (ToR) ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পের ইআইএ-র কার্যপরিধি প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে নীতিগতভাবে অনুমোদনের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি সদর দপ্তর থেকে উদ্যোক্তাকে পত্র দ্বারা অবহিত করতে হবে।

৭. **মেসার্স ফাতেমা ট্রেডার্স; রাঙ্গামাটি, শিমুলিয়া, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেড ডাস্ট হতে লেডবার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনার উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৮. **মজুমদার প্রোডাক্টস লিমিটেড (রাইস ব্রান অয়েল); ছোনকা, শেরপুর, বগুড়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ভোজ্য তেল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন, ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনার উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

৯. **হার্ডওয়্যার ইন্ডাস্ট্রি (বিডি) লিমিটেড; গোয়ালখালি, শিবালয়, মানিকগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: তালা-চাবি প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে দেখা যায়, আলোচ্য প্রকল্পের পরিবেশগত ব্যবস্থাপনার উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১০. **কে.সি হসপিটাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার; ২৬২০, নোয়াপাড়া, দক্ষিণখান, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ১০০ শয্যাবিশিষ্ট হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য ঢাকা মহানগর কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) ভবনটি হাসপাতাল হিসেবে ব্যবহারের অংশের জন্য রাজউক কর্তৃক অনুমোদনপত্র।

১১. **সৃজনী এগ্রো ইন্ডাস্ট্রিজ; বিসিক শিল্প এলাকা, ঝিনাইদহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: জিংক সালফেট বা দস্তা সার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে, উদ্যোক্তা কর্তৃক নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য ঝিনাইদহ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) অ্যাসিড লোডিং/আনলোডিং এবং মজুদকরণ পদ্ধতি;
(খ) উৎপাদন প্রক্রিয়ায় অ্যাসিড ব্যবহার পদ্ধতি;
(গ) অ্যাসিড ফিউম সংগ্রহ ও পরিশোধন ব্যবস্থা;
(ঘ) কারখানায় কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য সুরক্ষা বিস্তারিত বিবরণ।

১২. **নীট প্লাস লিমিটেড; জহরচান্দা, বেলমা, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স নিটিং, ডাইং, প্রিন্টি, ওয়াশিং ও ইয়ার্ন ডাইং, কার্টুন, গার্মেন্টস এক্সেসরিজ ও বোতল থেকে রিসাইকেলকৃত ফাইবার পণ্য ব্যবহার করে প্যাডিং, ফেকডাউন, কুইলটিং, বল ফাইবার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে, উদ্যোক্তা কর্তৃক নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) সম্প্রসারিত অংশের উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ;
(খ) কাঁচামালের পরিমান ও যন্ত্রপাতির তালিকা;
(গ) সম্প্রসারিত অংশের উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্যের গুণগতমান ও পরিশোধন ব্যবস্থাপনার বিবরণ;
(ঘ) কারখানার সম্প্রসারিত অংশসহ পূর্ণাঙ্গ মাস্টার লেআউট প্ল্যান।

১৩. **রবি ব্যাটারি এন্ড রিসাইক্লিং; চৌমুহনী, কসবা, ব্রাহ্মণবাড়িয়া** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেডবার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে, প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫১৯তম সভার ঙ/৪ নম্বর সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট জেলা কার্যালয় থেকে জারীকৃত অবস্থানগত ছাড়পত্রের শর্তানুযায়ী কারখানাটিতে কী কী পরিবেশগত ব্যবস্থাপনা বাস্তবায়ন করা হয়েছে তার সচিত্র তথ্য এবং ছাড়পত্র প্রদানের বিষয়ে সুস্পষ্ট সুপারিশসহ ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয় থেকে পুনরায় প্রতিবেদন প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

১৪. **সানফ্লাওয়ার ব্যাটারিস লিমিটেড; সানজিব, পাগলা, গফরগাঁও, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেডবার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইএমপি চেকলিস্ট এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, অবস্থানগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত কারখানা স্থাপন ও পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত উৎপাদন কার্যক্রম পরিচালনা এবং তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) স্থাপন ব্যতীত অপরিশোধিত তরল বর্জ্য নির্গমনের মাধ্যমে পরিবেশ দূষণ এবং কারখানা হতে সৃষ্ট বায়বীয় দূষণ ব্যবস্থা না থাকায় আলোচ্য কারখানাটির বিরুদ্ধে পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর বিধি-২৩ (৫) অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য ময়মনসিংহ জেলা কার্যালয় থেকে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং ও এনফোর্সমেন্ট শাখায় নথি প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

১৫. **সাউথ ড্রাগন ডাইং এন্ড ওয়াশিং লিমিটেড; দক্ষিণ কবিরপুর, কবিরপুর, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফেব্রিক্স ডাইং ও ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন এবং এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানাটি ছাড়পত্র বিষয়ক কমিটি কর্তৃক সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

১৬. **মেসার্স নাছরিন অটোমোবাইল; চাঁনপুর, উত্তর কাউন্দিয়া মৌজা, আমিন বাজার, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বেজ অয়েল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, সদর দপ্তর কর্তৃক সরজমিন পরিদর্শন সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে, উদ্যোক্তা কর্তৃক নিম্নবর্ণিত তথ্য দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) কার্যকর ও উপযুক্ত পরিশোধন ক্ষমতার Oil-water separator স্থাপনপূর্বক সচিত্র তথ্য দাখিল।

(ঞ) সুপারিশবিহীন ইআইএ-র কার্যপরিধি (ToR)

১. **Bangladesh Sustainable Recovery, Emergency Preparedness and Response Project (B-STRONG) (BWDB Part) by Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নোয়াখালী, কুমিল্লা, ফেনী, ব্রাহ্মণবাড়িয়া এবং লক্ষীপুর জেলার কৃষি উৎপাদন সুরক্ষার স্বার্থে বন্যায় ক্ষতিগ্রস্থ বাঁধ, নিষ্কাশন রেগুলেটর, ফ্লাশিং স্লুইচ এবং নিষ্কাশন খাল মেরামত/পুন:খনন/পুন:নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-এর কার্যপরিধি ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ-এর কার্যপরিধি পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী প্রণীত না হওয়ায় সংশোধিত ইআইএ-এর কার্যপরিধি দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

২. **Resuscitation of Ichamoti River in Pabna District by Bangladesh Water Development Board** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নদীর তীর সংরক্ষণ, পুন:খনন, বাধঁ অপসারণ, রিটেইনিং ওয়াল নির্মাণ ও ড্রেন নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-এর কার্যপরিধি ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-এর কার্যপরিধি ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ-এর কার্যপরিধি পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী প্রণীত না হওয়ায় সংশোধিত ইআইএ-এর কার্যপরিধি দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৩. **LGED (Western Economic Corridor & Regional Enhancement Program (WeCARE) Phase-I (RCMLIIP) by LGED** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সড়ক উন্নয়ন ও ব্রিজ/কালভার্ট নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-এর কার্যপরিধি ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ-এর কার্যপরিধি ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইআইএ-এর কার্যপরিধি পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ অনুযায়ী প্রণীত না হওয়ায় সংশোধিত ইআইএ-এর কার্যপরিধি দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

(ট) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: ইআইএ অনুমোদন

১. **গ্রেটওয়াল হাইটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড, চকপাড়া, মাওনা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ব্যাটারি, পাওয়ার স্টোরেজ সিস্টেম ও ইলেকট্রিক ভেহিকল ব্যাটারি উৎপাদন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

২. **এ.বি লাইফ সাইন্স; শ্রীপুর ফকিরহাট, সদর, ফেনী** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ঔষধ তৈরির কাঁচামাল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দাখিলকৃত ইআইএ প্রতিবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল না করায় এবং দাখিলকৃত ইআইএ প্রতিবেদনে ত্রুটি থাকায় প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশোধিত ইআইএ প্রতিবেদন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) অংশীজন সভার কার্যবিবরণী পরিবেশ অধিদপ্তর, ফেনী জেলা কার্যালয় কর্তৃক অনুমোদিত নয়;
(খ) অংশীজন সভার পূর্বে একটি স্থানীয় ও একটি জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিধান থাকলেও তা অনুসরণ করা হয়নি বিধায় বিধি মোতাবেক অংশীজন সভা পুনরায় আয়োজন করতে হবে;
(গ) উৎপাদন প্রক্রিয়ার প্রযোজ্য প্রত্যেক ধাপে সৃষ্ট বায়বীয় নিঃসরণ নিয়ন্ত্রণে বিস্তারিত বিবরণ দাখিল করতে হবে;
(ঘ) কারখানাটি Flood Prone এলাকায় অবস্থিত কি না এবং সেক্ষেত্রে মিটিগেশন মেজার্স কি হবে সে সংক্রান্ত তথ্য দাখিল করতে হবে;
(ঙ) জমির খতিয়ানের কপি দাখিল করা হয়নি;
(চ) বিস্তারিত ড্রেনেজ ব্যবস্থার বিবরণ দাখিল করা হয়নি;
(ছ) শ্রীপুর জামিয়া বিসমিল্লাহ মাদ্রাসা হতে প্রস্তাবিত কারখানার দূরত্ব (স্যাটেলাইট ম্যাপসহ) সংক্রান্ত তথ্য দাখিল করতে হবে;
(জ) স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্র;
(ঝ) ETP এর Coagulation & Flocculation Tank প্রয়োজনের তুলনায় Over designed;
(ঞ) ETP এর ড্রয়িং, ডিজাইনে সংশ্লিষ্ট প্রকৌশলীর স্বাক্ষর নেই।

৩. **শাহ মজিদিয়া রাহমানিয়া কন্টেইনার টার্মিনাল লিমিটেড; এয়ারপোর্ট রোড, পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: টার্মিনাল /ইনল্যান্ড কন্টেইনার ডিপো (খালি কন্টেইনার সংরক্ষণ, গুদামজাতকরণ, রপ্তানী পণ্য স্টাফিং ও হ্যান্ডলিং, নির্ধারিত আমদানী পণ্য আনস্টাফিং ও ডেলিভারি)): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দাখিলকৃত ইআইএ প্রতিবেদনে নিম্নবর্ণিত অসঙ্গতি থাকায় সংশোধিত ইআইএ প্রতিবেদন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) বায়ুদূষণ ব্যবস্থাপনার বিবরণ;
(খ) ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থা;
(গ) Fire Safety Plan;
(ঘ) Emergency Respons Plan

৪. **ক্রাউন কমফোর্টওয়্যার লিমিটেড; প্লট # ১২২২-১২৪৪, পাথারপাড়া, দক্ষিণ বারতোপা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সুতা রংকরণ ও সুতা থেকে সুয়েটার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদন, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের ইআইএ প্রতিবেদন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-১১ অনুযায়ী প্রণীত না হওয়ায় কোনো উপযুক্ত কনসালট্যান্ট/প্রকৌশলী কর্তৃক ইআইএ প্রতিবেদন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৫. **সীমান্ত সড়ক (রাঙামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য এলাকা) নির্মাণ (২য় পর্যায়) প্রকল্প; সড়ক ও জনপথ অধিদপ্তর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সীমান্ত সড়ক নির্মাণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, সীমান্ত সড়কটি বিভিন্ন উচ্চতার অসংখ্য পাহাড়ের উপর দিয়ে নির্মিত হবে এবং বিভিন্ন স্থানে জলাধারও রয়েছে মর্মে প্রতীয়মান হয়। বিস্তারিত পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে কি পরিমাণ পাহাড় বা টিলা কর্তন ও/বা মোচন করা হবে এবং জলাধার হিসেবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনোভাবে শ্রেনি পরিবর্তন করা হবে কি না, হলে তা অপরিহার্য জাতীয় স্বার্থ সংশ্লিষ্ট কি না সে সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট ব্যবস্থাপনা পরিকল্পনা ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জরুরী ভিত্তিতে দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৬. **Establishment of Rangamati Science and Technology University (2nd Revised), Jhagrabil, Rangamati-4500, Bangladesh** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিশ্ববিদ্যালয় স্থাপন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দাখিলকৃত ইআইএ প্রতিবেদনে নিম্নবর্ণিত অসঙ্গতি থাকায় সংশোধিত ইআইএ প্রতিবেদন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর ফরম ০৬ অনুযায়ী ঘোষণাপত্র দাখিল করা হয় নি;
(খ) অংশীজন সভার পূর্বে একটি জাতীয় ও একটি স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তির কপি দাখিল করা হয় নি;
(গ) ভূমি উন্নয়ন ও অবকাঠামো নির্মাণকালে সৃষ্ট silt/ debris কাপ্তাই লেক ও ছড়ায় পতিত হওয়া রোধকল্পে গৃহীতব্য ব্যবস্থাদির বিস্তারিত বিবরণ দাখিল করতে হবে;
(ঘ) এসটিপি'র ক্ষেত্রে নিম্নরুপ অসংগতি/অসম্পূর্ণতা পরিলক্ষিত হয়:
    (১) Resident ও Non Resident এর সংখ্যার উপর ভিত্তি করে পয়োঃবর্জ্যের পরিমাণ সংক্রান্ত ক্যালকুলেশন দাখিল করতে হবে;
    (২) STP-এর Process Flow-তে Oil and Grease Trap যুক্ত করা হয়নি;
    (৩) Equalization Tank-টি Undersized;
    (৪) Return Activated Sludge Flow Rate (m^3/hr) এর কোনো ক্যালকুলেশন দাখিল করা হয়নি;
    (৫) Design MLSS Concentration বাস্তবসম্মত নয়;
    (৬) Air Requirement-এর কোনো ক্যালকুলেশন দাখিল করা হয়নি;
    (৭) Disinfection Process-এর বিস্তারিত বিবরণ ও ক্যালকুলেশন দাখিল করা হয়নি;
    (৮) STP-এর Unit-সমূহের Sectional Drwaing দাখিল করা হয়নি;
    (৯) STP-এর Hydraulic Diagram দাখিল করতে হবে;
    (১০) সংশ্লিষ্ট প্রকৌশলীর স্বাক্ষর প্রদান করা হয়নি।
(ঙ) Hill Cutting Management Plan-এর ক্ষেত্রে Retaining Wall-এর বিস্তারিত ড্রয়িং দাখিল করতে হবে;
(চ) Hill Cutting Management Plan-এ Slope Protection-এর বিস্তারিত সময়াবদ্ধ পরিকল্পনা সংযুক্ত করতে হবে।

৭. **Environment-Friendly Ship Re-cycling Industry at Taltoli, Bagruna by Bangladesh Steel & Engineering Corpoation** (শিল্প/প্রকল্প কার্যক্রম: জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দাখিলকৃত ইআইএ প্রতিবেদনে নিম্নবর্ণিত অসঙ্গতি থাকায় সংশোধিত ইআইএ প্রতিবেদন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Hazardous waste management সংক্রান্ত তথ্য;

(খ) পরিবেশগত ব্যবস্থাপনা বাস্তবায়নের জন্য প্রকল্পে ব্যবহৃতব্য ভূমির পরিমান উল্লেখপূর্বক মাস্টার লেআউট প্ল্যান ম্যাপ (এ-৩ সাইজের সুস্পষ্ট ম্যাপ);

(গ) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এর তফসিল-১২ অনুযায়ী পয়োঃবর্জ্য পরিশোধনাগারের ডিজাইন, ক্যালকুলেশন।

৮. **গ্রীন মডেল টাউন আবাসিক প্রকল্প (২য় পর্ব); আমিন মোহাম্মদ ল্যান্ডস ডেভেলপমেন্ট লিমিটেড, মান্ডা, সবুজবাগ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আবাসন প্রকল্প): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইআইএ প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র, ইআইএ প্রতিবেদনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানাটি পরিবেশগত ছাড়পত্র কমিটি কর্তৃক সরজমিন পরিদর্শনের সুপারিশ গৃহীত হয়।

(ঠ) সুপারিশবিহীন শিল্প/ প্রকল্পসমূহ: অবস্থানগত ছাড়পত্র

১. **মেসার্স আলতা প্লাস্টিক এন্ড মেটাল; ফুলতলা, কোচলাপাড়া, সদর, চাঁপাইনবাবগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেডবার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন, সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য কারখানার জন্য প্রস্তাবিত জায়গার পূর্বদিকে ১৫০ মিটার দূরত্বে গ্রাম্য ঘরবাড়ি এবং পশ্চিদিকে আনুমানিক ১০০ মিটার দূরত্বে আবাসিক ঘরবাড়ি রয়েছে। প্রস্তাবিত জায়গা হতে আবাসিক বাড়িঘরের বাফার দূরত্ব ৩০০ মিটারের কম হওয়ায় পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-৯ অনুযায়ী উচ্চমাত্রার বায়ুদূষক নিঃসরণকারী হিসেবে অবস্থান গ্রহণযোগ্য নয়। এমতাবস্থায় উদ্যোক্তার অবস্থানগত ছাড়পত্রের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

২. **মেসার্স রাফি করপোরেশন; ফুলতলা, বটিয়াঘাটা, খুলনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: লেডবার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্যাদি দাখিলের জন্য খুলনা জেলা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন;

(খ) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান;

(গ) ব্যাটারি ভাঙ্গার প্রক্রিয়া ও দূষণ প্রতিরোধের ব্যবস্থার বিস্তারিত বিবরণ;

(ঘ) বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিবরণ;

(ঙ) আইইই চেকলিস্ট/প্রতিবেদন।

৩. **রিভেরা পার্ক সিটি (প্রা.) লিমিটেড; পিংক ফুড ইন্ডাস্ট্রিয়াল পার্ক, আমিন বাজার, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আবাসন প্রকল্প): ৫৩১ ঠ/১১ তম সভার সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন, আইইই প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্যাদি দাখিলের জন্য ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত জমির দায়মুক্তি সনদ;

(খ) Detailed Area Plan (DAP) অনুযায়ী প্রকল্পের অবস্থান;

(গ) বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ অনুযায়ী বিধি-১০ অনুযায়ী নাগরিক সুবিধাদি তথ্যাদি উপস্থাপনসহ প্রকল্পের মাস্টার লেআউট;

(ঘ) পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-১২ অনুযায়ী পয়োঃবর্জ্য পরিশোধনগারের ড্রইং ও ডিজাইন ক্যালকুলেশন;

(ঙ) ড্রেনেজ প্ল্যান;

(চ) প্রকল্প এলাকায় রেকর্ডকৃত জলাভূমি সংরক্ষণের লক্ষ্যে মাস্টার লেআউট প্লানে চিহ্নিতকরণ;

(ছ) Traffic management ইত্যাদি।

৪. **সুপ্রীম আউট ফিট লিমিটেড; পূর্ব বাসনা, সানোড়া, ধামরাই, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস নিটিং, ফিনিশিং, স্ক্রিন প্রিন্টিং ও অ্যামব্রয়ডারি): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন, ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্যাদি দাখিলের জন্য ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান;
(খ) তরল বর্জ্য পরিশোধন প্রক্রিয়ার শুরুতে Oil & Grease অপসারণ ব্যবস্থা;
(গ) ইটিপি'র ডিজাইন ২৪ ঘণ্টার পরিবর্তে ২০ ঘণ্টা পরিচালনার আলোকে সংশোধিত ডিজাইন ক্যালকুলেশন দাখিল;
(ঘ) RAS ১০০% হওয়া প্রয়োজন;
(ঙ) Secondary treatment দরকার।

৫. **সৃষ্টি ডেইরি; কুকিয়া, চাঁদপুর, দীনাথপুর, চুয়াডাঙ্গা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: দুগ্ধ প্রক্রিয়াকরণ (মাঠা, দই প্রস্তুত)): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই চেকিলিস্ট ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে নিম্নবর্ণিত তথ্যাদি দাখিলের জন্য চুয়াডাঙ্গা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-১২ অনুযায়ী ইটিপি'র ড্রইং ও ডিজাইন ক্যালকুলেশন;
(খ) পরিশোধিত তরল বর্জ্য কোথায়, কীভাবে অপসারিত হবে তার ড্রেনেজ লেআউট প্ল্যান।

৬. **সিয়াম এন্টারপ্রাইজ; তেলিহাটি, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ইনসিনারেশন প্ল্যান্ট): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, আইইই চেকলিস্ট, পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনার পর আলোচ্য প্রকল্পটি পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-১ অনুযায়ী লাল শ্রেণির ৫০ নম্বর ক্রমিকভুক্ত **"ঝুঁকিপূর্ণ বর্জ্য মজুত, পরিশোধন ও চূড়ান্ত অপসারণ প্রকল্প"** হিসেবে ইআইএ প্রণয়নের লক্ষ্যে ইআইএ-এর কার্যপরিধি দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

(ড) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহ: এপিসি/ ইটিপি/ এসটিপি-এর ডিজাইন অনুমোদন

১. **র‍্যানকন অটো ইন্ডাস্ট্রিজ লিমিটেড, বড় ভবানীপুর, কাশিমপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গাড়ি (মটর গাড়ি, জিপ, ট্রাক, বাস) সংযোজনের মাধ্যমে প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় ইটিপি নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

(ক) প্রস্তাবিত Secondary Treatment Process-টি MBBR প্রযুক্তির; কিন্তু ইটিপি'র প্রসেস ফ্লো-তে Secondary Clarifier থেকে MBBR Tank-এ Return Activated Sludge Flow দেখানো হয়েছে;
(খ) Primary & Secondary Clarifier এর Length to Width Ratio যথাযথ নয়;
(গ) Flash Mixer Tank এবং MBBR Tank প্রয়োজনের তুলনায় Over designed;
(ঘ) ETP-এর অবস্থান চিহ্নিত কারখানার লে আউট প্ল্যান দাখিল করা হয়নি;
(ঙ) Drainage Lay Out Plan নেই।

২. **ইন্টিগ্রা ড্রেসেস লিমিটেড; প্লট # ১৩ ও ১৪, করমতলা, পূবাইল, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস ওয়াশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় ইটিপি নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

(ক) উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্যের পরিমাণ সংক্রান্ত তথ্য যথাযথ নয়;
(খ) ETP Operational Hour সংক্রান্ত তথ্য যথাযথ নয় (২০-২২ ঘন্টা/দিন হওয়া বাঞ্ছনীয়);
(গ) ইটিপি'র প্রসেস ফ্লো তে Grit Removal Unit যুক্ত করা হয় নি;
(ঘ) Secondary Treatment Process-টি Activated Sludge Process হলেও Recycle Activated Sludge Flow দেখানো হয়নি;
(ঙ) Primary & Secondary Clarifier এর Length to Width Ratio যথাযথ নয়;
(চ) Primary & Secondary Clarifier এর Surface Area প্রয়োজনের তুলনায় অপর্যাপ্ত;
(ছ) Drainage Lay Out Plan দাখিল করা হয় নি;
(জ) সংশ্লিষ্ট প্রকৌশলীর স্বাক্ষর নেই।

৩. **ভিয়েলাটেক্স লিমিটেড; ২৯৭, খরতৈল,টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস ডাইং, ওয়াশিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত এসটিপি'র ডিজাইন ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় এসটিপি নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে গাজীপুর জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

(ক) কর্মরত জনবলের সংখ্যাসহ পয়োঃবর্জ্যের পরিমাণ সংক্রান্ত প্রাক্কলন দাখিল করা হয়নি;
(খ) ২টি MBBR Tank-এর ক্যালকুলেশন দাখিল করা হলেও Hydraulic Flow Diagram এ একটি MBBR Tank দেখানো হয়েছে;
(গ) MBBR Tank দু'টি Parallel না কি Series Arrangement-এ রয়েছে তা সুস্পষ্ট নয় ।
(ঘ) MBBR Tank এর Carrier Fill% যথাযথ নয়;
(ঙ) STP-এর অবস্থান চিহ্নিত কারখানার লেআউট প্ল্যান ও Drainage Lay Out Plan দাখিল করা হয় নি;
(চ) Secondary Clarifier এর Length to Width Ratio যথাযথ নয়;
(ছ) সৃষ্ট পয়োঃবর্জ্যের গুনগতমানসংক্রান্ত কোন তথ্য দাখিল করা হয় নি;
(জ) সংশ্লিষ্ট প্রকৌশলীর স্বাক্ষর নেই।

৪. **দি সিভিল ইঞ্জিনিয়ার্স ওয়াশ লিমিটেড (ইউনিট-২); প্লট # ৮, ৯, ১৫৯, ১৬০,বাগানবাড়ি, হরিনধারা, হেমায়েতপুর, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র ওয়াশিং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় এসটিপি নির্মাণ অনুমোদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

(ক) MBR Tank-এ NaOCl ব্যবহারের ফলে Biological Proces অকার্যকর হবে;
(খ) পরিশোধিত তরল বর্জ্য CIP ব্যবহারের যৌক্তিকতা;
(গ) Process Flow-তে Anoxic Tank ব্যবহারের যৌক্তিকতা;
(ঘ) MBR Process-এর ডিজাইন, ক্যালকুলেশন নেই;
(ঙ) Proper Scale-এ STP-এর অবস্থান চিহ্নিত করে কারখানার লেআউট প্ল্যান ও Drainage Lay Out Plan দাখিল করা হয়নি (দাখিলকৃত লেআউট প্ল্যানটি সুস্পষ্ট নয়);
(চ) Disinfection process-এর বিস্তারিত বিবরণ নেই।

৫. **রেনেসাঁ এ্যাপারেলস লিমিটেড; বিকে বাড়ি, মির্জাপুর, গাজীপুর সদর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বস্ত্র নিটিং, ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত এসটিপি'র ডিজাইন ক্যালকুলেশন ত্রুটিপূর্ণ হওয়ায় নিম্নবর্ণিত তথ্য/ব্যাখ্যাসহ সংশোধিত এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Anaerobic Tank-এ SAFF media ব্যবহারের সুস্পষ্ট ব্যাখ্যা (যথাযথ রেফারেন্সসহ);
(খ) Anaerobic Tank-এ উল্লেখিত COD Oxidation Efficiency ($kg/m^3/d$) এর যথাযথ রেফারেন্স;
(গ) Aerobic Tank-এ উল্লেখিত BOD Oxidation Efficiency ($kg/m^3/d$) এর যথাযথ রেফারেন্স;
(ঘ) Tube Settler-এর ক্ষেত্রে Number of Tube Pack, Number of Tube per Pack, Length of Tube (m), Shape of Tube, Cross sectional length of side/ edge length of tube (m), Detail SOR Calculation;
(ঙ) STP-এর অবস্থান চিহ্নিত কারখানার লে-আউট প্ল্যান;
(চ) Drainage Lay Out Plan;
(ছ) Secondary Clarifier-এর Length to Width Ratio যথাযথ নয়।

৬. **মেসার্স ওয়াশ এন.আর.এস ইন্টারন্যাশনাল; প্লট # ৩৯-৪০, রোড # ০৩, সেকশন # ০২, রুপনগর শিল্প এলাকা, মিরপুর, ঢাকা-১২১৬** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ও টুইল ফেব্রিক্স ওয়াশিং): ৫৩১তম সভার ড/১৫ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন ক্রটিপূর্ণ হওয়ায় উদ্যোক্তার ইটিপি'র নির্মাণ অনুমোদনের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৭. **এইচ.এস ওয়াশিং প্লান্ট; প্লট # ২৯, রোড # ০৩, সেকশন # ০২, রুপনগর শিল্প এলাকা, শিয়ালবাড়ী, মিরপুর, ঢাকা-১২১৬** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ডেনিম ও টুইল ফেব্রিক্স ওয়াশিং): ৫৩১তম সভার ড/১৬ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায়

পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের অনুকূলে দাখিলকৃত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন ত্রুটিপূর্ণ হওয়ায় উদ্যোক্তার ইটিপি'র নির্মাণ অনুমোদনের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবর পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৮. **এপেক্স ট্যানারি লিমিটেড; প্লট # এক্স এ-১, এক্স এ-২, এক্স এ-৩, এক্স এস-৮, বিসিক চামড়া শিল্প নগরী, হরিণধরা, হেমায়েতপুর, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ওয়েট ব্লু লেদার থেকে ক্রাস্ট লেদার প্রস্তুত): ৫৩০তম সভার ড/৭ সিদ্ধান্তের আলোকে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, UNIDO গাইডলাইন অনুসারে Chrome recover & Reuse সুবিধাসহ সংশোধিত ETP ডিজাইন, ক্যালকুলেশন দাখিল না করায় উদ্যোক্তার ক্রোম রিকভারি প্ল্যান অনুমোদনের আবেদন নামঞ্জুরের সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে ঢাকা জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়।

৯. **ইটাফিল এক্সেসরিজ লিমিটেড; প্লট # ১২৯, ১৩০, ১৩২, ভাদাম, নিশাতনগর, টঙ্গী, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ইয়ার্ন ও ফাইবার ডাইং এবং রপ্তানীমুখী পলিব্যাগ প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রতিষ্ঠানটির অনুকূলে দাখিলকৃত এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১০. **বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতাল লিমিটেড; ২১, মিরপুর রোড, শ্যামলী, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাসপাতাল): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, WWTP'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত WWTP'র ডিজাইন ক্যালকুলেশনে নিম্নবর্ণিত ত্রুটি থাকায় উপযুক্ত যোগ্যতাসম্পন্ন প্রকৌশলীর মাধ্যমে সংশোধিত WWTP'র ড্রইং, ডিজাইন ক্যালকুলেশন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) Coagulation এবং Flocculation একসাথে দেখানো হয়েছে যা যথাযথ নয়;
(খ) MBBR Tank দু'টি Series Arrangement-এ দেখানো হয়েছে যা যথাযথ নয়;
(ঘ) MBBR Tank এর Carrier Fill% যথাযথ নয়;
(ঙ) STP-এর অবস্থান চিহ্নিত কারখানার লেআউট প্ল্যান ও Drainage Lay Out Plan দাখিল করা হয়নি;
(চ) Disinfection দেখানো হয়নি।

১১. **খাজা ইউনুস আলী মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল; এনায়েতপুর, চৌহালী, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: হাসপাতাল ও মেডিক্যাল কলেজ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রতিষ্ঠানটির অনুকূলে দাখিলকৃত এসটিপি'র ডিজাইন, ক্যালকুলেশনের উপর উদ্যোক্তা/তাঁর মনোনীত প্রতিনিধি কর্তৃক উপস্থাপনা প্রদানের সুপারিশ গৃহীত হয়। এ বিষয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের মাধ্যমে অবহিত করতে হবে।

১২. **মেসার্স প্রাণ ডেইরী হাব; নতুনপাড়া, গুনাইগাছা, চাটমোহর, পাবনা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: দুগ্ধ শীতলীকরণ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পের দাখিলকৃত ইটিপি'র ডিজাইন ক্যালকুলেশন ত্রুটিপূর্ণ হওয়ায় নিম্নবর্ণিত তথ্য/ব্যাখ্যাসহ সংশোধিত ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন দাখিলের জন্য সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) প্রস্তাবিত ETP'র USAB-এর ডিজাইন, ক্যালকুলেশন ত্রুটিপূর্ণ;
(খ) RAS দেখানো হয়নি;
(গ) ড্রইং যথাযথ স্কেল অনুযায়ী দাখিল করা হয়নি;
(ঘ) ETP এর অবস্থান চিহ্নিত কারখানার লে আউট প্ল্যান নেই;
(ঙ) Drainage Layout Plan দাখিল করা হয়নি।

১৩. **ইউনুসকো টি এন্ড এ (বিডি) লিমিটেড; ৩৫/এ-বি, কালুরঘাট ভারী শিল্প এলাকা, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রম: তথ্য নাই): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন এবং সংশ্লিষ্ট কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য প্রকল্পটি সরজমিন পরিদরর্শন প্রতিবেদন এবং কারখানাটির বিষয়ে নিম্নবর্ণিত তথ্যসহ চট্টগ্রাম মহানগর কার্যালয় থেকে পুনরায় নথি প্রেরণের সুপারিশ গৃহীত হয়:

(ক) কারখানার অনুকূলে পরিবেশগত ছাড়পত্র সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে নবায়ন কপিসহ);
(খ) কারখানার উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ;
(গ) বিদ্যমান ইটিপি'র হালনাগাদ পরীক্ষার ফলাফল;
(ঘ) ETP এর অবস্থান চিহ্নিত কারখানার লে আউট প্ল্যান।

(ঢ) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহ: জিরো ডিসচার্জ প্লান

১. **তুষার সিরামিকস লিমিটেড; সড়াতলা, মহেশপুর, ঝিনাইদহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: টাইলস প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র, জিরো ডিসচার্জ প্ল্যান এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, আলোচ্য কারখানার অনুকূলে নিম্নবর্ণিত তথ্য/ প্রস্তাবনা দাখিলের জন্য ঝিনাইদহ জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণের সুপারিশ গৃহীত হয়:
(ক) পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল ১২ অনুযায়ী ইটিপি'র ডিজাইন, ক্যালকুলেশন;
(খ) কারখানার অনুকূলে প্রদত্ত অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্রের কপি;
(গ) জিরো ডিসচার্জ প্ল্যান অনুমোদনের জন্য উদ্যোক্তার আবেদন।

(ণ) বিবিধ

১. **ইনক্রেডিবল ফ্যাশনস লিমিটেড; কারল, সরিচালা, কালিয়াকৈর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: নিটিং, স্ক্রিন প্রিন্টিং ও কাট টু প্যাক): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং গাজীপুর জেলা কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক কারখানাটির অনুকূলে বিগত ০৪/০২/২০২৪ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২৪-১১৫৯০১ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে শুধুমাত্র ৯ নং শর্তে উল্লেখিত ''কারখানাটি চালু অবস্থায় প্রতি ছয় মাস অন্তর অর্থাৎ বছরে ২ (দুই) বার কারখানা নির্গত তরল বর্জ্যের (পরিশোধনপূর্ব ও পরিশোধনোত্তর) গুণগতমান (Temperature, Color, pH, SS, BOD_5 ও COD) পরীক্ষার ফলাফল পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে" শর্ত হতে অব্যাহতি চেয়ে আবেদন করেছে। সভায় বিস্তারিত আলোচনান্তে ও সরজমিন পরিদর্শনের পরিপ্রেক্ষিতে আলোচ্য প্রতিষ্ঠানে জিরো ডিসচার্জ প্ল্যান শতভাগ বাস্তবায়ন করায় বিগত ০৪/০২/২০২৪ তারিখের পরিবেশগত ছাড়পত্র নং: ২৪-১১৫৯০১ এর বরাতে জারীকৃত পরিবেশগত ছাড়পত্রের শুধুমাত্র ৯ নম্বর শর্ত বিলুপ্তপূর্বক নিম্নবর্ণিত শর্ত দ্বারা প্রতিস্থাপিত করতে হবে এবং অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত রেখে গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক পরিমার্জিত পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়:
প্রতিস্থাপিত শর্ত: "কারখানার উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট তরল বর্জ্য পরিবেশে নির্গমন করা যাবে না; পরিশোধনপূর্বক পুনরায় উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহার করতে হবে"

২. **মার্স সয়া প্রসেসিং মিলস লিমিটেড; বৈদ্যেরবাজার, সোনারগাঁও, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সয়াবিন ভূষি ও গুড়া প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'হলুদ' (ক্রমিক নম্বর: ২)** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

৩. **অপ্টিল্যাব আইওয়্যার লিমিটেড; ১৪৭/১/১, মনিপুরীপাড়া, পুরাতন এয়াপোর্ট রোড, বিজয় স্মরণী, তেজগাঁও, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: চশমার লেন্স পলিশিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'সবুজ' (ক্রমিক নম্বর: ১৩)** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

৪. **Modernization with Capacity Enhancement of 230/132 KV AIS Substation to GIS Substation at Ghorashal Power Station Complex by Power Grid Bangladesh PLC** (শিল্প/প্রকল্প কার্যক্রম: বিদ্যুৎ সাবস্টেশন আধুনিকায়ন): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদন ও কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, দেখা যায় আলোচ্য প্রকল্পের আওতায় বিদ্যুৎ সাবস্টেশন আধুনিকায়ন করা হবে। বর্ণিত কার্যক্রম পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এ ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে তফসিল-১ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের তালিকা বহির্ভুত এবং তফসিল-১৪ এ ক্ষেত্রে প্রযোজ্য নয়। বর্ণিতাবস্থায়, আলোচ্য প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদানের কোনো অবকাশ নেই মর্মে সুপারিশ গৃহীত হয়। বিষয়টি জানিয়ে সদর দপ্তর থেকে উদ্যোক্তা বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

৫. **ডুয়ারা ক্যামবীজ; চারাবাগ, উত্তরপাড়া, আশুলিয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্ব মিলের কাঠের গুড়া হতে ফাইন পাউডার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'হলুদ' (ক্রমিক নম্বর: ৮৪)** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

৬. **Vidyut Bangladesh Pvt. Ltd; শিমরাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সেফটি রেজার ও ব্লেড প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ

সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'হলুদ' (ক্রমিক নম্বর: ৩০)** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

৭. **সানজি স্টেইনলেস স্টিল ইন্ডা: লিমিটেড; তেঁতুলঝোড়া, নন্দখালী, রাজফুলবাড়িয়া, সাভার, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: স্টিল পাইপ ও শিট তৈরি): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'কমলা' (ক্রমিক নম্বর: ৩৬)** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

৮. **হেলিওগ্রিড সিস্টেমস লিমিটেড; প্লট নং: ১/১, মেইন রোড-৩, লেভেল-৫, সেকশন-৭, বিসিক ইলেকট্রনিক কমপ্লেক্স, পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আমদানীকৃত সেল সংযোজনপূর্বক স্টোরেজ লিথিয়াম ব্যাটারির মাধ্যমে সোলার প্যানেল প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এবং সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশগত ছাড়পত্র কমিটির ৫৩২ তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত নম্বর ণ/৪ বাতিলপূর্বক পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'কমলা' (ক্রমিক নম্বর: ৪০)** শ্রেণি হিসেবে ঢাকা মহানগর কার্যালয় হতে আবেদন নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয় এবং আলোচ্য Designated Industrial Building টি বিসিকের অন্তর্ভূক্ত হওয়ায় আলোচ্য বিল্ডিং এ স্থাপনযোগ্য শিল্প প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অবস্থানগত ছাড়পত্রের প্রয়োজন নেই।

৯. **মিকা ফার্মাকেয়ার লিমিটেড; মধ্যেরচর, আরশিনগর, আমতলা, কেরানীগঞ্জ, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: আমদানীকৃত সিলিকা জেল রি-প্যাকিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'সবুজ' (ক্রমিক নম্বর: ২)** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১০. **পেপিরাস কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড; পিলকুনী, কুতুবপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পেপার সাইজিং): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'কমলা' (ক্রমিক নম্বর: ৭৯)** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১১. **কে. জি. এস এক্সপোর্ট এন্ড ইমপোর্ট; ৩৩৪/৩৩৫, আলীনগর, কামরাঙ্গীরচর, ঢাকা** (শিল্প/প্রকল্প কার্যক্রম: গার্মেন্টস এক্সেসরিজ): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'হলুদ' (ক্রমিক নম্বর: ৮৪)** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১২. **ডায়স্টার হাইটেক পাওয়ার অটোমোবাইলস লিমিটেড; টেপিবাড়ী, টেঙ্গারা, শ্রীপুর, গাজীপুর** (শিল্প/প্রকল্প কার্যক্রম: সংযোজনের মাধ্যমে ব্যাটারিচালিত অটোরিকশা প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'সবুজ' (ক্রমিক নম্বর: ১৮)** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১৩. **ঝলক হাই স্পিড ইন্ডাস্ট্রিজ; আমলীতলা, সদর, ময়মনসিংহ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: ফ্লাক্স, রড, ই বাইক পার্টস, লিথিয়াম ব্যাটারি পাউডার প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'কমলা' (ক্রমিক নম্বর: ৪০)** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১৪. **ইউনাইটেড রিফাইনারি এন্ড বাল্ক স্টোরেজ লিমিটেড; প্লট নং- ১৬-১৭, মোংলা পোর্ট এরিয়া, মোংলা, বাগেরহাট** (শিল্প/প্রকল্প কার্যক্রম: পেট্রোলিয়াম, তেল ও চিটাগুড় মজুদাগার): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'কমলা'** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি সংশ্লিষ্ট অঞ্চল/বিভাগীয় কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

১৫. **বি এন এস মেডিকেল লিমিটেড; কালিয়া হরিপুর, সদর, সিরাজগঞ্জ** (শিল্প/প্রকল্প কার্যক্রম: মেডিকেল এক্সেসরিজ (আইভি ক্যানুলা, ইনফিউশন/ স্যালাইন সেট, ডিসপোজেবল সিরিঞ্জ) প্রস্তুত): উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র সভায় পর্যালোচনা করা হয়। হয়। পর্যালোচনান্তে, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী **'কমলা' (ক্রমিক নম্বর: ৬২/ঝ)** শ্রেণি হিসেবে আলোচ্য শিল্প প্রতিষ্ঠানের আবেদনটি রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ গৃহীত হয়।

নোট:

১. সুপারিশকৃত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুযায়ী উদ্যোক্তা কর্তৃক প্রযোজ্য ছাড়পত্র/ছাড়পত্র নবায়ন ফি ও ভ্যাট প্রদান নিশ্চিতপূর্বক সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে ছাড়পত্র বা ছাড়পত্র নবায়ন ইস্যু করতে হবে।

২. পরিবেশ অধিদপ্তরের অঞ্চল/বিভাগ/মহানগর ও জেলা কার্যালয়ের কর্মকর্তাগণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের পরিবেশগত ছাড়পত্র কমিটিতে নথি প্রেরণের পূর্বে উদ্যোক্তা কর্তৃক অনলাইনে আবেদনকৃত নথিতে পরিদর্শন প্রতিবেদন, ট্রেজারি চালান ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করা হয়েছে কি না তা নিশ্চিতপূর্বক অনলাইনের আবেদন অগ্রায়ন করতে হবে।

মিয়া মাহমুদুল হক
উপপরিচালক (পরিবেশগত ছাড়পত্র)
ও
সদস্যসচিব

একেএম রফিকুল ইসলাম
পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও গবেষণা)
ও
সদস্য

ফরিদ আহমেদ
পরিচালক (ঢাকা মহানগর)
ও
সদস্য

রাজিনারা বেগম
পরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা)
ও
সদস্য

মোঃ আবুল কালাম আজাদ
পরিচালক (ঢাকা অঞ্চল)
ও
সদস্য

মুহাম্মদ সোলায়মান হায়দার
পরিচালক (ঢাকা গবেষণাগার)
ও
সদস্য

অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব) ও
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা) অতিরিক্ত দায়িত্ব
ও
সদস্য

মাসুদ ইকবাল মোঃ শামীম
পরিচালক (পরিবেশগত ছাড়পত্র)
ও
আহবায়ক